ইত্তেফাক

তারিখ ৫/১/৮২
পৃষ্ঠা

২৪

016 015

# ইসলামী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের পরিচালক মণ্ডলীর বৈঠক শুরু

বাসস জানায়, গতকাল (সোমবার) ঢাকায় আইসিটিভিটিআর কার্যালয়ে কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ ও গবেষণার ইসলামী কেন্দ্রের পরিচালকমণ্ডলীর ৫ম বৈঠক শুরু হইয়াছে।

চৌদ্দ সদস্যবিশিষ্ট পরিচালকমণ্ডলীতে আছেন বাংলাদেশ,

(৮ম পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

# ইসলামী কারিগরি প্রশিক্ষণ

(১ম পৃঃ পর)

গাম্বিয়া, ইন্দোনেশিয়া, ইরাক, ইরান, জর্দান, কুয়েত, লিবিয়া, মালয়েশিয়া, ওমান, পাকিস্তান, সৌদী আরব, ইসলামী সম্মেলন সংস্থা সচিবালয়ের প্রতিনিধিগণ এবং আইসিটিভিটিআর-এর পরিচালক।

পরিচালকমণ্ডলীর উদ্বোধনী বৈঠকে কুয়েত সরকারের প্রশিক্ষণ সংক্রান্ত মহাপরিচালক জনাব আল-রেফাইকে বোর্ডের চেয়ারম্যান নির্বাচিত করা হয়। পাকিস্তানের জনাব খালিক ও গাম্বিয়ার জনাব মাকারিয়ে আলী যথাক্রমে ভাইস চেয়ারম্যান ও সংযোগ রক্ষাকারী নির্বাচিত করা হয়।

এদিকে টঙ্গীতে দুইকোটি ৩০ লক্ষ ডলার ব্যয় সাপেক্ষ প্রকল্পের নির্মাণকার্যে অগ্রগতি অব্যাহত রহিয়াছে। গতকাল টঙ্গীতে প্রকল্প পরিদর্শন কার্যের পরিচালকমণ্ডলীর সদস্যগণ কাজের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন।